

## ঢাকা ভার্শিটির শত কোটি ঢাকার উন্নয়ন প্রকল্প

আনোয়ার আলদীন ॥ শিক্ষার মান যুগোপযোগী করা এবং বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো প্রসারের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় একশত কোটি টাকার পাঁচ বছর মেয়াদী একটি উন্নয়ন প্রকল্প গ্রহণ করিয়াছে।

এই প্রকল্পের অধীনে বিশ্ববিদ্যালয়ে উন্নতমানের দুইটি গবেষণাগার ও প্রতিষ্ঠান স্থাপন, ১২টি নতুন বিভাগ চালু, দুইটি নতুন আবাসিক হল নির্মাণ, শিক্ষক-কর্মচারী-কর্মকর্তাদের জন্য ফ্ল্যাট নির্মাণ এবং একাডেমিক ( ২য় পৃঃ ১৪)

### ঢাকা ভার্শিটির (১ম পৃঃ পর)

ভবনের সম্প্রসারণ করা হইবে। ইহার মধ্যে ১২ কোটি টাকা ব্যয়ে বিজ্ঞান প্রযুক্তি গবেষণা ও উন্নয়ন কেন্দ্র স্থাপন করা হইবে। কলা ও সামাজিক বিজ্ঞান উচ্চতর গবেষণা উন্নয়ন কেন্দ্র স্থাপনে ব্যয় ধরা হইয়াছে ৩ কোটি টাকা। ব্যবসায় প্রশাসন গবেষণা কেন্দ্রের জন্য দেড় কোটি টাকা ব্যয় হইবে। আসন্ন শিক্ষা বর্ষ হইতে নতুন ১২টি বিভাগ খোলা হইতেছে। ইহাতে ব্যয় হইবে ৫ কোটি টাকা। এই আধুনিক বিভাগগুলি চালু হইল বিশ্ববিদ্যালয়ে অতিরিক্ত দুই শতাধিক ছাত্র-ছাত্রী লেখাপড়ার সুযোগ পাইবে। এই বিভাগগুলোর মধ্যে অনার্স লেভেল ছাড়া মাস্টার্স লেভেলে ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে।

এই প্রকল্পের আওতায় যে দুইটি হল নির্মিত হইবে তাহার মধ্যে একটি হইবে ছাত্রীদের। ছাত্রী হল নির্মাণ প্রক্রিয়া শীঘ্রই শুরু করা হইবে।

তরুণ শিক্ষকদের জন্য ১৫ হইতে ২০ তন্য একটি ফ্ল্যাট নির্মাণ করা হইবে। ইহাছাড়া প্রতিটি একাডেমিক ভবনের সম্প্রসারণ করা হইবে। ভিসি প্রফেসর আজাদ চৌধুরী জানান, সরকার এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় হইতে এই প্রকল্পের অর্থের সংস্থান হইবে।